

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন-১ অধিশাখা  
Website : www.lgd.gov.bd

৪৬.০২০.০০৪.০১.০০.৬৩৮.২০১৫- ৬৬


তারিখ : ৬/০৭/১৬

বিষয় : রীট পিটিশন নং-১৩৩২৯/২০১৫, বাদী জনাব মোঃ জমশেদ আলী, পিতা-মোঃ মনির হোসেন, মাতা-  
মোছাঃ জমিলা বেগম, কাউন্সিলর পদ প্রার্থী, ওয়ার্ড নং-০৬, কুড়িগ্রাম পৌরসভা, কুড়িগ্রাম-বনাম-  
সরকার ও অন্যান্য।

স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন-২০১৫ এর কুড়িগ্রাম জেলার কুড়িগ্রাম পৌরসভায় কাউন্সিলর পদে দাখিলকৃত মনোনয়নপত্র বাতিল সংক্রান্ত বিষয়ে উল্লিখিত বাদী বাংলাদেশ সরকারের সচিব, স্থানীয় সরকার বিভাগ এবং অন্যান্যদের প্রতিপক্ষ করে মহামান্য হাইকোর্ট বিভাগে ১৩৩২৯/২০১৫ নং রীট মামলাটি দায়ের করেন। বাদী কর্তৃক দাখিলকৃত রীট মামলায় মহামান্য আদালত প্রতিপক্ষগণকে জবাব প্রদান করার জন্য রুলনিশি জারী করেছে। মহামান্য আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে মামলাটি প্রতিদ্বন্দ্বিতা করতঃ সময় সময় অত্র বিভাগকে অবহিত করতে হবে। ইংরেজিতে অনুচ্ছেদ ওয়ারী ঘটনার প্রকৃত বিবরণী (Parawise statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরি ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।

  
(মোঃ ইশান আলী রাজা বাঙালী)  
উপসচিব  
ফোন-৯৫৪০৯৯৫।  
Email-ishanaliraja@gmail.com

১। জেলা প্রশাসক, কুড়িগ্রাম  
এবং

আপীল কর্তৃপক্ষ, কুড়িগ্রাম পৌরসভা নির্বাচন-২০১৫, কুড়িগ্রাম।

২। জেলা নির্বাচন অফিসার  
কুড়িগ্রাম।

সদয় অবগতির জন্য অনুলিপি :

১। সচিব, নির্বাচন কমিশন কার্যালয়, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।

২। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।